



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক নারী দিবস ২০২৪ উদযাপন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৮ মার্চ ২০২৪খ্রিঃ

“নারীর সমঅধিকার, সমসুযোগ; এগিয়ে নিতে হোক বিনিয়োগ” এ প্রতিপাদ্যকে সামনে রেখে বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদযাপিত হয়েছে ‘আন্তর্জাতিক নারী দিবস-২০২৪’। দিবসটি উপলক্ষে ৮ মার্চ ২০২৪ তারিখ সকাল ৯ টায় বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে বেলুন ও ফেস্টুন উড়িয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ‘আন্তর্জাতিক নারী দিবস-২০২৪’ এর উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য মহোদয়ের সহধর্মিণী জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুনিরা সুলতানা, বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম, শেখ হাসিনা হলের প্রাধ্যক্ষ ড. রেহানা পারভীন, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রাধ্যক্ষ ড. হেনা রানী বিশ্বাসসহ অন্যান্যরা। এছাড়াও আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে শেখ হাসিনা হল ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের পক্ষ হতে বের করা হয় ২টি পৃথক শোভাযাত্রা। শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের শেখ হাসিনা হল এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রাধ্যক্ষ, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, শিক্ষার্থীসহ হলের কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন। ‘আন্তর্জাতিক নারী দিবস-২০২৪’ উপলক্ষে আয়োজিত এ শোভাযাত্রা ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে প্রশাসনিক ভবন-১ এর সামনে শেষ হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

০০০০০০০০০০

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়